

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

গোপনীয়

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৩

নং-প্রকাঃএইচআরএমডঃঢঃ১৪৩২৮৯(২০১৫-২০১৬)/২০১৮-২০১৯/

তারিখঃ ৩১.১২.২০১৮ ইং

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ ইউনুস মিয়া, উর্ধতন মুখ্য কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর, ইতিপূর্বে ফরিদপুর অঞ্চলাধীন বিকেবি, মধুখালী শাখায় ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বিকেবি (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক), (খ), (গ) ও (ঙ) প্রবিধি মোতাবেক আপনাকে যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদম্ভতা ও দুর্নীতিমূলক অপরাধের জন্য ০৭/১৫-১৬ নম্বর বিভাগীয় শৃংখলাজনিত মামলা রজু করিয়া ১০.০৯.২০১৫ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডঃঢঃ১৪৩২৮৯/২০১৫-২০১৬/ ৪৯৫ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হয়েছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুষঙ্গিক তথ্যাদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ ইউনুস মিয়া আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ), (অ)/(আ)/(ই)/(ঈ)/(উ) প্রবিধি মোতাবেক গুরুত্বে দণ্ডিত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরু দণ্ড প্রদান করা হইবে না- এই মর্মে অত্র বিভাগের ০৬.১২.২০১৬ ইং তারিখের প্রকাঃ এইচআরএমডঃঢঃ১৪৩২৮৯/২০১৫-২০১৬/ ১৮৩৩ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শনো নোটিশ জারী করা হয়েছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনার দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদম্ভতা ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে আপনাকে দোষী সাব্যস্ত করতঃ আপনি জনাব মোঃ ইউনুস মিয়া আপনাকে গুরু দণ্ড তথা চাকুরী হইতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৪। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ ইউনুস মিয়া আপনাকে চাকুরী হইতে বরখাস্তের আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মোঃ ইউনুস মিয়া (ওয়াই-১২০)

উর্ধতন মুখ্য কর্মকর্তা (বরখাস্তকৃত)

বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় নিরীক্ষা কার্যালয়

ফরিদপুর।

স্বাক্ষরিত

(মোঃ জহির ইকবাল)

উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডঃঢঃ১৪৩২৮৯/২০১৫-২০১৬/ ১৯৮৩ (৩)

তারিখঃ ৩১.১২.২০১৮ ইং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দণ্ড, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
- ৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হইল।
- ৬। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-৪ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৭। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ-২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৮। উপ-মহাব্যবস্থাপক, অভ্যন্তরীন নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৯। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ১০। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর। এতদসৎ প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ ইউনুস মিয়া এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। ইহাছাড়া, জনাব মোঃ ইউনুস মিয়া-কে পাওয়া না গেলে বা তিনি গ্রহণে অস্বীকৃতি জানাইলে তাহার কোন নিকট আঁচীয়ের (পিতা, মাতা, ভাই, বোন, স্ত্রী ও ছেলেমেয়ে) নিকট প্রাপ্তি স্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তর করিবেন। তাহারা উহা গ্রহণে অস্বীকৃতি জানাইলে ২ জন সাক্ষীর উপস্থিতিতে তাহার স্থায়ী ঠিকানার বসতবাড়ীর সদর দরজার সহজে দৃশ্যমান হয় এমন স্থানে লটকাইয়া জারী করতঃ সাক্ষীগণের স্বাক্ষর, নাম ঠিকানা ও মোবাইল নম্বর প্রদর্শন পূর্বক এতদসংক্রান্ত একটি প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১১। ব্যবস্থাপক, বিকেবি, মধুখালী শাখা, ফরিদপুর।
- ১২। নথি/ মহানথি / মূলনথি।

৩১/১২/২০১৮
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক